যুগান্তর

তারিখ ... 25 MAR 2017
পৃষ্ঠা ...১৬... কলাম ...২...

# মাদ্রাসা শিক্ষার উন্নয়ন বেশি করেছে আ'লীগ : শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মাদ্রাসা শিক্ষার উন্নয়ন অন্য কেউ নয়, সবচেয়ে বেশি করেছে আওয়ামী লীগ সরকার। বিএনপি তাদের শাসনামলে দেশে একটি মাদ্রাসাও প্রতিষ্ঠা করেনি দাবি করে তিনি বলেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে নিজেদের ধান্ধা করেছে, মাদ্রাসা শিক্ষার উন্নয়নে কোনো কাজ করেনি। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে মাদ্রাসার 'ফাজিল অনার্স শিক্ষার মান উন্নয়ন' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। শুক্রবার সকালে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি অডিটরিয়ামে এ আলোচনা অনুষ্ঠিত হয়।

আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহর সভাপতিত্বে আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরিদর্শক অধ্যাপক মো. ইলিয়াছ সিদ্দিকী, মাদ্রাসা শিক্ষা অধিদফতরের প্রধানসহ দেশের সব ফাজিল (অনার্স) মাদ্রাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট শিক্ষকরা। মন্ত্রী বলেন, আলেম-ওলামারা সেই ব্রিটিশ আমল থেকে প্রায় একশ' বছর ধরে আলাদা আরবি বিশ্ববিদ্যালয়ের দাবি করে আসছিলেন। এ জন্য তারা লংমার্চও করেছিলেন। কিন্তু তাদের এ দাবি পূরণ করেনি কোনো সরকার। আলেম-ওলামাদের এ দাবি পূরণ করেছে শেখ হাসিনার সরকার। তিনি জানান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় চালুর শুরুতে ৩১টি মাদ্রাসায় অনার্স কোর্স ছিল। বর্তমানে তা ৫২টিতে উন্নীত হয়েছে। বর্তমানে ১ হাজার ৫৩টি আলিম এবং ২২১টি ফাজিল ও কামিল মাদ্রাসা রয়েছে। এর মধ্যে ফাজিল ও কামিল মাদ্রাসায় উচ্চমানের শিক্ষা দেয়া হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের পরিধিকে আরও বাড়াতে ৪৮৪ কোটি টাকার একটি প্রকল্প হাতে নিয়েছে সরকার। যা একনেকের অনুমোদনের অপেক্ষায় রয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী।

তিনি বলেন, আমরা শিক্ষকদের অনুরোধ করব, আপনারা আরবি শিক্ষার পাশাপাশি বাংলা, ইংরেজিসহ অন্যান্য বিষয়ও পড়ান। কারণ তারা আরবির পাশাপাশি কিছু না শিখলে দেশকে কীভাবে জানবে? তিনি আরও বলেন, মাদ্রাসা জঙ্গিবাদের কারখানা, এটি সঠিক নয়। আপনারা এ কথা মোটেও বলবেন না। কারণ গুলশান হামলার সঙ্গে জড়িতরা উচ্চবিত্ত ও উচ্চশিক্ষিত ছিল। ছেলে-মেয়েরা যাতে জঙ্গিবাদ বা বিপথগামী না হয়, সেজন্য শিক্ষক ও অভিভাবকসহ সমাজের সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান তিনি।